

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেকেনবাগিচা, ঢাকা।
[কর নীতি শাখা]

29 JUN 2014

০-১

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৭.০০৫.২০১৪/৪০(৩)

তারিখঃ ২৫/০৬/২০১৪ খ্রিঃ।

বিষয়ঃ পুঁজিবাজারে ক্ষুদ্র বিনিয়োগকারীগণকে মওকুফকৃত ঋনের সুদ মার্চেন্ট ব্যাংক ও স্টক ব্রোকার এর অনুমোদনযোগ্য ব্যয় বিবেচনা প্রসঙ্গে।

সূত্রঃ ১। আপনার ২৩/০৬/২০১৪ খ্রিঃ তারিখের পত্র।

২। অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মূলধন মার্কেট অধিশাখার পত্র নং-৫৩.০১৪.০৩১.০২.০০.০০২.২০১২-১৪৩, তাং-০৫ মে, ২০১৩ খ্রিঃ।

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

আপনার প্রেরিত পত্রটি পর্যালোচনান্তে জাতীয় রাজস্ব বোর্ডের কর নীতি শাখা এই মর্মে মতামত প্রদান করেছে যে, পুঁজিবাজারের স্থিতিশীলতা আনয়ন ও ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ স্কীমের আওতায় ২৮ টি মার্চেন্ট ব্যাংক ও ২৮০ টি স্টক ব্রোকার কর্তৃক মওকুফকৃত সুদ বিদ্যমান আয়কর আইনে অনুমোদনযোগ্য খরচ হিসাবে বিবেচনা করার বিধান রয়েছে। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২৯ এর উপধারা (১) এর ক্রম (xv) মোতাবেক ইতোপূর্বে লগ্নীকৃত অর্থের উপর আরোপিত সুদ সংশ্লিষ্ট বছরে আয় হিসেবে প্রদর্শন করে কর প্রদান করলে এবং পরবর্তীতে উক্ত সুদ অবলোপন (write off) করা হলে তা অবলোপন সংশ্লিষ্ট কর বর্ষে উক্ত মার্চেন্ট ব্যাংক অথবা স্টক ব্রোকারের আয়ের বিপরীতে অনুমোদনযোগ্য ব্যয় (allowable expenses) হিসেবে গণ্য হবে।

উক্ত অবলোপনকৃত অর্থ পরবর্তীতে সম্পূর্ণ বা আংশিক পুনরুদ্ধার (recover) হলে পুনরুদ্ধারকৃত (recovered) অর্থ সংশ্লিষ্ট কর বছরে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৯ এর উপধারা (১৫) এর ক্রম (a) মোতাবেক মার্চেন্ট ব্যাংক বা স্টক ব্রোকারগণের ব্যবসা আয় হিসেবে বিবেচিত হবে।

২৫/০৬/১৪
মোঃ জসীমুদ্দিন আহমেদ
দ্বিতীয় সচিব (কর আইন-১)


অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন

চেয়ারম্যান

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৪ তলা)

১০, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।



২০৭